

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১১ শাখা, বাজেট অধিশাখা-৪
বাজেট অনুবিভাগ-২
www.mof.gov.bd

নং-০৭.১১১.০১৪.০১.০০২.২০১১-১৩৮

তারিখঃ ২২/০৪/২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ বিভাগের ২৯.০৩.২০২০ তারিখের ০৭.১০১.০২০.০০.০০২.২০২০.৭২৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) চূড়ান্ত হয়েছে এবং সে অনুযায়ী অর্থ বিভাগ হতে গত ২৯/৩/২০২০ তারিখে সূত্রোক্ত স্মারকে বাজেট কর্তৃত্ব জারি করা হয়েছে। কিন্তু সমসাময়িক সময়ে বৈশ্বিক মহামারী আকারে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বাংলাদেশে ছড়িয়ে পড়েছে। করোনা ভাইরাস উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় সরকারকে অগ্রাধিকার খাতসমূহে অতিরিক্ত অর্থ বরাদ্দ করতে হচ্ছে। সে প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

- (ক) মন্ত্রণালয়/বিভাগসমূহ তার আওতাধীন দপ্তরসমূহ/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে “সর্বোচ্চ অগ্রাধিকার” চিহ্নিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অব্যাহত রাখবে;
- (খ) মন্ত্রণালয়/বিভাগসমূহ “মধ্যম অগ্রাধিকার” চিহ্নিত প্রকল্পসমূহের ক্ষেত্রে প্রকল্পের যে সকল খাতে অর্থ ব্যবহার অবশ্যম্ভাবী, মন্ত্রণালয়/বিভাগসমূহ স্থায়ী বিবেচনায় সে সকল খাতে অর্থ ব্যয় করবে; এবং
- (গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ “নিম্ন অগ্রাধিকার” প্রকল্পসমূহের অর্থ ছাড় বা ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করবে।

- ২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ এই পরিপত্রের আওতা বহির্ভূত থাকবে।
- ৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(মোহাম্মদ ওয়ালিদ হোসেন)

উপসচিব


- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট ভবন, কাকরাইল, ঢাকা। তাঁর আওতাভুক্ত সব অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। সদস্য, বিভাগ, (সকল), পরিকল্পনা কমিশন।
- ৬। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ।

নং-০৭.১১১.০১৪.০১.০০২.২০১১-১৩৮/১(৩)

তারিখঃ ২২/০৪/২০২০ খ্রি:

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

- ১। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো)।


22/08/2020
(লীজা খান্না)
সিনিয়র সহকারী সচিব